ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪৭৩
আগরতলা, ২২ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'জিবি হাসপাতালে চাঞ্চল্য, সিকিউরিটি কর্মীর হাতে সিটি স্ক্যান পরিষেবা।' এই শিরোনামে গত ১৩ আগস্ট, ২০২৫ তারিখে প্রতিবাদী কলম পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, উল্লিখিত সময়ে নিরাপত্তাকর্মী কেবলমাত্র রোগীকে সিটি স্ক্যানের বেডে শুইয়ে দেওয়া এবং একটি সাধারণ সুইচ ব্যবহার করে বেডের অবস্থান সামঞ্জস্য করার কাজটি করেছিলেন। এটি কোনোভাবেই সিটি স্ক্যান যন্ত্রের প্রযুক্তিগত পরিচালনা নয় এবং এই ধরনের কাজের জন্য বিশেষ রেডিওলজি বা টেকনিশিয়ান প্রশিক্ষণের প্রয়োজন হয় না। সিটি স্ক্যান যন্ত্রের মূল প্রযুক্তিগত পরিচালনা, ইমেজ গ্রহণ ও বিশ্লেষণের কাজ সর্বদা প্রশিক্ষিত ও যোগ্য রেডিওলজি টেকনিশিয়ানরাই করে থাকেন। রোগীর স্বাচ্ছন্দ্য ও সঠিক অবস্থান নিশ্চিত করার জন্য নিরাপত্তাকর্মী শুধু সহায়তার ভূমিকা পালন করেছেন, যা প্রশিক্ষণপ্রাপ্ত যেকোনো প্রযুক্তিগত দক্ষতা নেই এমন কর্মীও নিরাপদে করতে পারেন। অতএব, সংবাদপত্রে সিটি স্ক্যান পরিষেবা নিরাপত্তা কর্মীর হাতে রয়েছে বলে যে অভিযোগ করা হয়েছে, তা ভিত্তিহীন ও বিভ্রান্তিকর। এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতাল কর্তৃপক্ষ সর্বদা রোগীর সুরক্ষা ও সঠিক পরিষেবা প্রদানের লক্ষ্যে সকল প্রযুক্তিগত ও নিরাপত্তা প্রটোকল কঠোরভাবে অনুসরণ করে আসছে।

*****